

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪

১. মুকাদ্দিমাহ (المقدمة)

পরিচ্ছেদঃ ২. সুন্নাহকে আঁকড়ে ধরা এবং এ সংশ্লিষ্ট বর্ণনা ও আদেশ-নিষেধ

بَابُ الِاعْتِصَامِ بِالسُّنَّةِ وَمَا يَتَعَلَّقُ بِهَا نَقْلًا وأمراً وزجراً

আরবী

وَقَالَ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

(إِنَّ مَثَلَ مَا آتَانِي اللَّهُ مِنَ الْهُدَى وَالْعِلْمِ كَمَثَلِ غَيْثٍ أَصَابَ أَرْضًا فَكَانَتْ مِنْهَا طَائِفَةٌ طَيِّبَةٌ قَبِلَتْ ذَلِكَ فَأَنْبَتَتِ الْكَلَّأُ وَالْعُشْبَ الْكَثِيرَ وَأَمْسَكَتِ الْمَاءَ فَنَفَعَ اللَّهُ بِهَا النَّاسَ فَشَرِبُوا مِنْهَا وَسَقَوْا وَزَرَعُوا وَأَصَابَ مِنْهَا طَائِفَةٌ أُخْرَى إِنَّمَا هِيَ قِيعَانٌ لَا تُمْسِكُ مَاءً وَلَا تُنْبِتُ كَلَاً فَذَلِكَ مَثَلُ مَنْ فَقُهُ فِي دِينِ اللَّهِ وَنَفَعَهُ مَا بَعَتَنِي اللَّهُ بِهِ فَعَلِمَ وَعَمِلَ وَمَثَلُ مَنْ لَمْ يَوْبَلُ هُدَى اللَّهِ الَّذِي أُرْسِلْتُ بِهِ)

[تعليق الشيخ الألباني :صحيح: ق.]

[تعليق الشيخ الألباني]

صحيح: ق.

الحديث: 3 | الجزء: 1 | الصفحة: 144

বাংলা

৪. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেছেনঃ আল্লাহ্ তা'আলা আমাকে যে হিদায়াত ও 'ইল্ম দিয়ে পাঠিয়েছেন তার দৃষ্টান্ত হল ভূমির উপর পতিত প্রবল বর্ষণের ন্যায়। কোন কোন ভূমি থাকে উর্বর যা সে পানি শুষে নিয়ে প্রচুর পরিমাণে ঘাসপাতা এবং সবুজ তরুলতা উৎপাদন করে। এছাড়াও, তা পানি আটকে রাখে। পরে আল্লাহ তা'আলা তা দিয়ে মানুষের উপকার করেন; তারা নিজেরা পান করে ও (পশুপালকে) পান করায় এবং তা দ্বারা চাষাবাদ করে। আবার কোন কোন জমি রয়েছে যা একেবারে মসৃণ ও সমতল; তা না পানি আটকে রাখে, আর না কোন ঘাসপাতা উৎপাদন করে। এই হল সে ব্যক্তির দৃষ্টান্ত যে আল্লাহ'র দ্বীনের জ্ঞান অর্জন করে এবং



আল্লাহ্ তা'আলা আমাকে যা দিয়ে প্রেরণ করেছেন তা তার উপকারে আসে। ফলে সে নিজে শিক্ষা করে এবং আমল করে। আর সে ব্যক্তির দৃষ্টান্ত- যে সে দিকে মাথা তুলেও দেখে না এবং আল্লাহর যে হিদায়াত নিয়ে আমি প্রেরিত হয়েছি, তা গ্রহণও করে না।"[1]

English

The similitude of that guidance and knowledge with which Allah, the Exalted and Glorious, has sent me is that of rain falling upon the earth. There is a good piece of land which receives the rainfall (eagerly) and as a result of it there is grown in it herbage and grass abundantly. Then there is a land hard and barren which retains water and the people derive benefit from it and they drink it and make the animals drink. Then there is another land which is barren. Neither water is retained in it, nor is the grass grown in it. And that is the similitude of the first one who develops the understanding of the religion of Allah and it becomes a source of benefit to him with which Allah sent me. (The second one is that) who acquires the knowledge of religion and imparts it to others. (Then the other type is) one who does not pay attention to (the revealed knowledge) and thus does not accept guidance of Allah with which I have been sent. (Using translation from Muslim 2282)

ফুটনোট

[1] আলবানী: সহীহ।

আরনাউত: এটি পূর্বের সনদ। (বুখারী মুসলিমের শর্তানযায়ী সহীহ।)

তাখরীজ: বুখারী, ৭৯; মুসলিম ২২৮২; আহমাদ ৪/৩৯৯;

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন